# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 25.09.2024 Time: 7.35 A.M**

বিশেষ বিশেষ খবর

১) ডিভিসি-র ছাড়া জলেই রাজ্যে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয় বলে মুখ্যমন্ত্রী ফের অভিযোগ করেছেন।
বিরোধী দলনেতার অভিযোগ, রক্ষণাবেক্ষণের অভাবে বাঁধ ভেঙ্গে রাজ্যের বিভিন্ন জেলা প্লাবিত হয়েছে।

২) চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের সুরক্ষায় শহরের বিভিন্ন সরকারী কলেজ ও হাসপাতালে আরো সি সি ক্যামেরা বসানোর সিদ্ধান্ত নিয়েছে স্বাস্থ্য দফতর।

৩) SSC-র উচ্চ-প্রাথমিক মেধা তালিকা আজ প্রকাশিত হবে।

৪) মিড-ডে-মিল প্রকল্পের মানোন্নয়নের পক্ষে রাজ্য সরকার, ওই প্রকল্পের সামাজিক অডিট করছে।

৫) আসন্ন পুজো মরশুমে অতিরিক্ত যাত্রী ভীড় সামাল দিতে পূর্ব রেলের শিয়ালদা ও কলকাতা স্টেশন থেকে মোট ৯-টি পুজো স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে ।

oooooooooooooooooooo

পূর্ব বর্ধমানের পর বীরভূমে গিয়েও রাজ্যে বন্যা পরিস্থতির জন্য DVC-কেই দায়ী করলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। বোলপুরে প্রশাসনিক বৈঠকের পর সাংবাদিকদের তিনি বলেন, বৃষ্টির জন্য বাংলায় বন্যা হয় না। প্রতিবছরই ঝাড়খন্ডের জলে ভাসে

এরাজ্য। জলশক্তি মন্ত্রক রাজ্যকে না জানিয়ে জল ছেড়েছে। এরই প্রতিবাদে DVC থেকে পদত্যাগ করেছেন রাজ্যের দুই প্রতিনিধি।

(বাইট- মমতা )

বন্যায় ভেঙে যাওয়া রাস্তা এবং ক্ষতিগ্রস্ত স্কুল পুনর্নির্মাণের কাজে সাংসদ ও বিধায়ক তহবিলের টাকা খরচ করার নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

ভিনরাজ্যে বাংলার পরিযায়ী শ্রমিকদের মৃত্যু নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, এইসব শ্রমিকের পরিবার পিছু রাজ্য সরকার ২’লক্ষ টাকা করে দেবে।

বন্যায় যাদের মৃত্যু হয়েছে, তাঁদের এবং বিনা চিকিৎসায় মৃত ২৯ জনের পরিবারকেও দেওয়া হবে ২’লক্ষ টাকা।

অন্যদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর দাবী, DVC-র জল ছাড়ার জন্য নয়, রাজ্য সরকারের গাফিলতিতে বাঁধ ভেঙ্গেই ভেসেছে বাংলা।

(বাইট- শুভেন্দু)

কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী গতকাল হুগলির খানাকুলে বন্যাকবলিত এলাকা ঘুরে দেখেন। কথা বলেন বন্যা দুর্গতদের সঙ্গে। তাঁদের হাতে ত্রাণসামগ্রী তুলে দেন। তিনি বলেন, বন্যা নিয়ে দোষারোপ, পাল্টা দোষারোপের সময় এটা নয়। বন্যা কবলিত মানুষজনের সমস্যার সুরাহা এখন সবচেয়ে বড় কাজ।

oooooooooooooooooooooo

DVC জল ছাড়ার পরিমাণ কমানোয় রাজ্যে বন্যা পরিস্থিতির আরও কিছুটা উন্নতি হলেও আগামী কয়েকদিন ভারী বৃষ্টির পূর্বাভাস থাকায় নতুন করে বানভাসি হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে।

পূর্ব মেদিনীপুর, হুগলি এবং হাওড়ার বিস্তীর্ণ অংশ থেকে জল নামছে। ঘাটাল-সহ পশ্চিম মেদিনীপুরের বিভিন্ন ব্লকে বন্যার জল এখন আর নেই। ঘাটাল, দাসপুর, ডেবরায় নদী এবং সেচখালগুলির জল বিপদসীমার নীচে নেমেছে। তবে বেশ কিছু এলাকায় এখনও জল জমে রয়েছে। জল রয়েছে চাষের জমিতেও। বন্যার জল নামতে শুরু করায় ধাপে ধাপে বিদ্যুৎ সংযোগ ফেরানোর কাজ প্রক্রিয়া শুরু হয়েছে। বিদ্যুৎস্পৃষ্ট হওয়ার ঘটনা যাতে না ঘটে, সেজন্য নেওয়া হয়েছে বিশেষ সতর্কতা মূলক ব্যবস্থা। বন্যায় কোথায় কত বাড়ি আংশিক বা সম্পূর্ণ ভেঙেছে, চাষের জমি কতটা নষ্ট হয়েছে, তা নির্ণয় করছে রাজ্য সরকার। জলবাহিত রোগের প্রকোপ কমাতে স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে খোঁজখবর নিচ্ছেন।

oooooooooooooooooooooo

মধ্য বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে পশ্চিম মধ্য ও তার লাগোয়া উত্তর পশ্চিম বঙ্গোপসাগরের ওপর একটি নিম্নচাপ ক্ষেত্র তৈরী হয়েছে।

এর প্রভাবে আগামীকাল পর্যন্ত পূর্ব মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগণা জেলার কিছু জায়গায় ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে।

আজ বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির সতর্কতা থাকছে পূর্ব মেদিনীপুর, দুই ২৪ পরগণা, দুই বর্ধমান, বীরভূম, হুগলী, নদীয়া ও মুর্শিদাবাদ জেলায়।

উত্তরবঙ্গেও আজ সব জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির সম্ভাবনা। ভারী থেকে অতিভারী বৃষ্টি হতে পারে দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায়।

oooooooooooooooooooooo

রাজ্য সরকারের নির্দেশ মেনে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের সুরক্ষায় শহরের বিভিন্ন সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতালে আরও সিসি ক্যামেরা বসানোর সিদ্ধান্ত নিয়েছে স্বাস্থ্য দপ্তর। RG Kar হাসপাতালের প্রতিটি ভবনের প্রতিটি তলা মিলিয়ে মোট ৫০০ টি ক্যামেরা বসানোর পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। বর্তমানে রয়েছে ১৯০টি ক্যামেরা। কলকাতা মেডিক্যাল কলেজে বর্তমানে ৩৩০টি ক্যামেরা রয়েছে। নতুন করে আরও ৪০০টি ক্যামেরা বসানো হবে বলে খবর।

NRS হাসপাতালে আরও ৬০০ এবং ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতালে ৮০০টি ক্যামেরা বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। SSKM হাসপাতালে বর্তমানে এক হাজার ২০০ ক্যামেরার মাধ্যমে নজরদারি চালানো হয়। সেখানে আরও নতুন ক্যামেরা বসানো হবে।

ooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে  কর্তব্যরত পড়ুয়া চিকিতসককে ধর্ষন ও খুনের ঘটনার পর চিকিতসক ও স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তায় যে রাত্তিরের সাথী প্রকল্প চালু হয়েছে, তা পর্যালোচনা করতে রাজ্য সরকার আগামীকাল বৈঠকে বসতে চলেছে। নবান্নে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে রাজ্যের সব মেডিক্যাল কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, হাসপাতালের সুপার, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক, সব হাসপাতালের সিভিল ইলেক্ট্রিক্যাল, আই টি বিভাগের কর্মী ছাড়াও মুখ্যসচিব, পুলিশ ও স্বাস্থ্য দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অংশ নিতে পারেন বলে সূত্রের খবর।

oooooooooooooooooooo

RG Kar মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনায় পর পর চারদিন CGO কমপ্লেক্সে CBI-এর জেরার মুখোমুখি হন ফরেন্সিক মেডিসিন বিভাগের অধ্যাপক অপূর্ব বিশ্বাস। নিহত চিকিৎসকের দেহের ময়নাতদন্তকারী দলের নেতৃত্বে ছিলেন তিনি।

দুই PGT ছাত্রীকে নিয়ে গতকাল CGO কমপ্লেক্সে যান RG Kar-এর বর্তমান MSVP সপ্তর্ষি চট্টোপাধ্যায়। সন্ধে নাগাদ তারা সেখান থেকে বেরিয়ে আসেন। ওই দুই পিজিটি ছাত্রী নিহত চিকিৎসকের সহপাঠী ছিল বলে সিবিআই জানিয়েছে। তাদের কথাবার্তার ভিডিও রেকর্ডিং করা হয়েছে।

অন্যদিকে, RG Kar-এর প্রাক্তন MSVP সঞ্জয় বশিষ্ঠকে গতকাল নিজাম প্যালেসে বেশ কয়েক ঘণ্টা জেরা করা হয়।

স্বাস্থ্য ভবনের এক আধিকারিক গতকাল সি জি ও কমপ্লেক্সের দফতরে গিয়ে টেন্ডার সংক্রান্ত কিছু নথি জমা দিয়ে আসেন।

এদিকে সিবিআই-এর একটি দল গতকাল আর জি কর –এর শত বার্ষিকী ভবনে গিয়ে সেখানে বেশ কয়েকটি আলমারিতে তল্লাশি চালিয়ে কিছু টেন্ডার সংক্রান্ত নথি সংগ্রহ করে।

oooooooooooooooooooo

জয়েন্ট প্লাটফর্ম অফ ডক্টরস , ওয়েস্ট বেঙ্গল , IMA বেঙ্গল ও প্রটেক্ট দ্য ওয়ারিওয়ার্স যৌথভাবে ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলের দপ্তরের সামনে গতকাল বিক্ষোভ সমাবেশের আয়োজন করে। সমাবেশ থেকে ৯ সদস্যের এক প্রতিনিধিদল WBMC রেজিস্ট্রারের সঙ্গে দেখা করে স্মারকলিপি জমা দেন।। স্মারকলিপিতে আইন ও নিয়ম বহির্ভূত ভাবে কাউন্সিল পরিচালনার অভিযোগের কারণে কাউন্সিল ভেঙে দেওয়ার দাবী জানিয়ে স্মারকলিপি জমা দেওয়া হয় ।

oooooooooooooooooooo

আরজিকর কাণ্ডের প্রতিবাদে ধর্মতলার ডোরিনা ক্রসিং এ কংগ্রেসের ধর্ণা কর্মসূচি ও বিজেপির হাজরা মোড়ে সভা করার অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট ।দুটি ক্ষেত্রেই কলকাতা পুলিশের কাছ থেকে অনুমতি মেলেনি। গতকাল বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ নির্দেশ দেন আজ ও আগামীকাল ধর্মতলার ডোরিনা ক্রসিং এ দুপুর বারোটা

থেকে সন্ধ্যা ৭ টা পর্যন্ত কর্মসূচি পালন করতে পারবে কংগ্রেস। অন্যদিকে দুপুর দুটো থেকে  সন্ধ্যা ৬ টা পর্যন্ত হাজরা মোড়ে সভা করতে পারবে বিজেপি। দুশো থেকে ৩শোর বেশি মানুষের জমায়েত করা যাবে না। পুলিশকে পর্যাপ্ত নিরাপত্তার বন্দোবস্ত করার নির্দেশ দিয়েছে আদালত।

oooooooooooooooo

এসএসসির উচ্চ প্রাথমিকের মেধা তালিকা আজ প্রকাশিত হবে। স্কুল সার্ভিস কমিশন গত সোমবার এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করে। ২৮-শে আগস্ট হাইকোর্টের ডিভিশন বেঞ্চ নির্দেশ দেয় চার সপ্তাহের মধ্যে ১৪ হাজার ৫২ জনের মেধা তালিকা প্রকাশ করতে হবে। এর চার সপ্তাহের মধ্যে কাউন্সেলিং করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। হাইকোর্টের নির্দেশমত চার সপ্তাহের মধ্যে মেধা তালিকা প্রকাশিত হতে চলেছে।

এদিকে উচ্চ প্রাথমিকের ১৪ হাজারেরও বেশি শূন্য পদে নিয়োগের হাইকোর্টের নির্দেশই বহাল রেখেছে শীর্ষ আদালত । গতকাল প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা ও বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চ জানিয়েছে হাইকোর্টের নির্দেশই বহাল রাখছে সুপ্রিম কোর্ট। হাইকোর্টের নির্দেশ সংরক্ষণ নীতির বিরোধী এই দাবীতে শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিলেন কয়েকজন চাকরি প্রার্থী।

oooooooooooooooooooo

গোর্খা আঞ্চলিক প্রশাসনের অস্থায়ী শিক্ষক নিয়োগ ও নিয়মিতকরণে অনিয়মের অভিযোগ নিয়ে CBI-কে প্রাথমিক তদন্ত করার কলকাতা হাইকোর্টের নির্দেশ, সুপ্রিম কোর্ট খারিজ করে দিয়েছে। বিচারপতি বি আর গাভাই ও বিচারপতি কে ভি বিশ্বনাথনের বেঞ্চ গতকাল এই রায় দিয়ে বলেন, অত্যন্ত বিরল মামলাগুলির ক্ষেত্রেই কেবল এই ধরণের নির্দেশ দেওয়া যায়।  তবে রাজ্যের তদন্ত পক্ষপাতদুষ্ট এবং অন্যায্য বলে হাইকোর্টকে কারণ দেখাতে হবে। সিঙ্গেল বেঞ্চের ওই নির্দেশে ডিভিশন বেঞ্চ হস্তক্ষেপ না করায় সুপ্রিম কোর্টে যায় রাজ্য সরকার।

oooooooooooooooooooo

PM পোষণ বা মিড ডে মিল প্রকল্পের মানোন্নয়নের লক্ষ্যে রাজ্য সরকার ওই প্রকল্পের সামাজিক অডিট করছে। ২০২৩-২৪ আর্থিক বছরে প্রায় সাড়ে পাঁচ হাজার স্কুলে এই সমীক্ষা করা হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে। জেলাস্তরের প্রকল্প আধিকারিক ও ভিলেজ রিসোর্স পার্সনদের নিয়ে করা ওই সমীক্ষায় স্কুলের প্রধান শিক্ষক, পড়ুয়া ও তাদের অভিভাবকদের সঙ্গেও কথা বলা হয়। মিড ডে মিলে দেওয়া খাবারের পরিমাণ, গুণগতমান, পরিচ্ছন্নতা, পানীয় জলের উৎস ইত্যাদি খতিয়ে দেখার পাশাপাশি পড়ুয়াদের স্বাস্থ্য পরীক্ষার আয়োজন করা হয়। সমীক্ষায় সাফল্যের সঙ্গে বেশ কিছু জায়গায় মানোন্নয়নের প্রয়োজনীয়তাও অনুভূত হয়েছে।

ooooooooooooooooooooooooo

কোটি কোটি টাকার দুর্নীতির অভিযোগে জলপাইগুড়ি জেলার মালবাজার পৌরসভার চেয়ারম্যান স্বপন সাহাকে তৃণমূল কংগ্রেস অনির্দিষ্টকালের জন্য দল থেকে বহিষ্কার করেছে। টাকা নিয়ে অযোগ্যদের চাকরি পাইয়ে দেওয়া, আবাসন যোজনার টাকা তছরুপ, অবৈধ নির্মাণে ছাড়পত্র সহ একাধিক অভিযোগ উঠেছে স্বপনের বিরুদ্ধে।

জলপাইগুড়ি জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি মহুয়া গোপ বহিষ্কার প্রসঙ্গে জানান বিভিন্ন মহল থেকে দুর্নীতি নিয়ে বহু অভিযোগ দলের নেতৃত্বের কাছে পৌঁছানোর পরে এই সিদ্ধান্ত।

এদিকে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের হলদিবাড়িতে দাবি করেন অর্থের লেনদেন ঠিকমতো হয়নি বলেই স্বপন সাহাকে বহিষ্কার করেছে তৃণমূল কংগ্রেস।

ooooooooooooooooooooooooo

বাসিন্দাদের ক্ষোভের মুখে পড়ে উত্তর দিনাজপুর জেলার ইসলামপুরের সুজালির গ্রাম পঞ্চায়েত প্রধান নুরি বেগম আবাস যোজনার কাটমানির ২১ লক্ষ উপভোক্তাদের ফিরিয়ে দিয়েছেন। গতকাল তিনি গ্রাম পঞ্চায়েত অফিসে বসে এই টাকা ফিরিয়ে দেন বলে খবর। নুরির দাবি, ২০০ জনকে টাকা ফিরিয়েছেন। অন্যদিকে, বিষয়টি নিয়ে

বিডিও দীপান্বিতা বর্মন বলেছেন, সুজালির দুর্নীতি নিয়ে ইতিমধ্যে তদন্ত শুরু হয়েছে। এবিষয়েও তদন্ত হবে।’নুরির স্বামী তৃণমূল নেতা আবদুল হক বর্তমানে ফেরার।

ooooooooooooooooooooooooo

হাওড়া উলুবেড়িয়া থানা এলাকার তপনা গ্রাম পঞ্চায়েতের ফতেপুর গ্রামে গতকাল প্রচন্ড বিস্ফোরণে বাঁশের তৈরি টালির ছাউনি দেওয়া একটি বাড়ি সম্পূর্ণ ভেঙে পড়লে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। ঘটনার তদন্ত নেমে পুলিশের প্রাথমিক অনুমান বোমা বাঁধতে গিয়ে এই বিস্ফোরণ।  ঐ ঘটনায়  বাবা ও ছেলে সহ তিনজন গুরুতর জখম। ঘটনা স্থলে যায় ফরেন্সিক দল।

ooooooooooooooooooooooooo

আসন্ন পুজো মরশুমে অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন শিয়ালদা ও কলকাতা স্টেশন মিলিয়ে মোট ৯ টি পুজো স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। আগামী অক্টোবর ও নভেম্বর মাসে এই স্পেশাল ট্রেন চালানো হবে বলে শিয়ালদা ডিভিশন সূত্রের খবর। এর মধ্যে শিয়ালদা - এনজেপি, কলকাতা - দীঘা সপ্তাহে ১ দিন, শিয়ালদা - নিউ আলিপুরদুয়ার  সপ্তাহে দুদিন, শিয়ালদা - পাটনা, কলকাতা - কাটিহার, কলকাতা - জামালপুর, কলকাতা - গয়া, শিয়ালদা - Saharsa, শিয়ালদা - Gorakhpur সপ্তাহে তিনদিন চলবে বলে রেল সূত্রের খবর।

ooooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooo